পদ্মা পানি শোধনাগার-এ ইন্টারনেট সেবা মূল্যায়ন সভার কার্যবিবরণী

পদ্মা পানি শোধনাগার এর পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজের প্রয়োজনে ঢাকা ফাইবার লিংক লিঃ হতে জুলাই ২০২৫ হতে জুন ২০২৬ পর্যন্ত মাসিক ভিত্তিতে ১২ মাসের 140 Mbps full duplex Dedicated Bandwidth with (80 Mbps YouTube & Facebook) ইন্টারনেট সংযোগ সেবা গ্রহণ করা হয়েছে। সে প্রেক্ষিতে ২৮/০৬/২০২৬ খ্রিঃ তারিখে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পাওপশো সার্কেল এর সভাপতিত্বে গত ১২ (বারো) মাসের সেবা মূল্যায়ন এর সভা পদ্মা পানি শোধনাগার এর সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গাজী আসরিব বিন সালাম, নির্বাহী প্রকৌশলী, জনাব মাহমুদ রিয়াদ, উপ-বিভাগীয় প্রকৌশলী, জনাব অমিত বিশ্বাস, উপ-সহকারী প্রকৌশলী, জনাব হাফিজুল ইসলাম, ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান, জনাব এম রফিকুল ইসলাম, ডাইরেক্টর, মার্কেটিং এন্ড সেলস, ঢাকা ফাইবার লিংক লিঃ এবং জনাব পলাশ মজুমদার, সাপোর্ট এন্ড আরএফ ইঞ্জিনিয়ার, ঢাকা ফাইবার লিংক লিঃ উপস্থিত ছিলেন। উক্ত সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। উক্ত সভায় আলোচ্য বিষয় নিম্নে দেয়া হল

বার্ষিক মূল্যায়ন আলোচনা সভা

সভার শুরুতে পদ্মা পানি শোধনাগার এর নির্বাহী প্রকৌশলী জনাব গাজী আসরিব বিন সালাম জানান, পদ্মা পানি শোধনাগার এর জুলাই ২০২৫ হতে জুন ২০২৬ পর্যন্ত মাসিক ভিত্তিতে ১২ মাসের 140 Mbps full duplex Dedicated Bandwidth with (80 Mbps YouTube & Facebook) ইন্টারনেট সংযোগ সেবা প্রদান কাজের চুক্তি ও কার্যাদেশ ৩০/০৬/২০২৬ ইং তারিখে সম্পন্ন হয়। জুলাই ২০২৬ হতে জুন ২০২৭ পর্যন্ত মাসিক ভিত্তিতে ১২ মাসের জন্য 140 Mbps এর পরিবর্তে 200 Mbps full duplex Dedicated Bandwidth with (150 Mbps YouTube & Facebook) Internet Service প্রদানে কারিগরি ও আর্থিক বিষয়াদি নিয়ে আলোচনার জন্য এই সভা আহবান করা হয়েছে। তিনি আরও উল্লেখ করেন যে, পদ্মা পানি শোধনাগার এর বিভিন্ন ইউনিটে প্রায় ৭০ টির অধিক আইপি ক্যামেরা, ডিজিটাল ডিসপ্লে, পিএবিএক্স, স্মার্ট এক্সেস গেইট চালু রয়েছে। যার কারণে ইন্টারনেট ব্যবহার বৃদ্ধি পেয়েছে। এছাড়া কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক শোধনাগারের আবাসিক এলাকায় ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে।

ঢাকা ফাইবার লিংক লিঃ এর পক্ষ হতে জনাব এম রফিকুল ইসলাম, ডাইরেক্টর, মার্কেটিং জানান যে প্রতি ইউনিট Raw Bandwith ক্রয়মূল্য এবং ইন্টারন্যাশনাল গেটওয়ে ফি অধিক হওয়ায় বর্তমান প্যাকেজমূল্য হ্রাস করা আর্থিক ও কারিগরি বিবেচনায় লাভজনক হবেনা। এছাড়া এই সংযোগ শহর হতে প্লান্ট পর্যন্ত রেডিও ফ্রিকোয়েন্সি দ্বারা সংযোগ প্রদান করা হয়। এই সংযোগের বিভিন্ন ডিভাইস প্রায়ই বৈরী আবহাওয়ার কারণে/বজ্রপাতে পুড়ে যায়। নিরবিচ্ছিন্ন ভাবে সেবা প্রদানের স্বার্থে এসকল ডিভাইস দ্রুত সময়ের মধ্যে নিজস্ব খরচে পরিবর্তন করতে হয়। কিন্তু এই প্লান্টে দীর্ঘদিন ইন্টারনেট সেবা প্রদানের বিষয়টি বিবেচনা করে 140 Mbps full duplex Dedicated Bandwidth with (80 Mbps YouTube & Facebook) এর পরিবর্তে 200 Mbps full duplex Dedicated Bandwidth with (150 Mbps YouTube & Facebook) Internet Service প্রদান করা যেতে পারে। এবং বর্ধিত সংযোগের জন্য যাবতীয় ব্যয় ঢাকা ফাইবার লিংক লিঃ এর পক্ষ হতে বহন করা হবে।

সভাপতি মহোদয় উক্ত প্রস্তাবনা অনুযায়ী উভয় পক্ষের সম্মতিতে ঢাকা ফাইবার লিংক লিঃ হতে ভ্যাট ও মুনাফাসহ ৮৩,০০০/= (তিরাশি হাজার মাত্র) টাকায় 200 Mbps full duplex Dedicated Bandwidth with (150 Mbps YouTube & Facebook) Internet Service গ্রহনের সম্মতি প্রকাশসহ প্রস্তাবনা প্রদানের জন্য অনুরোধ করেন। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

সভার সিদ্ধান্তঃ

১। আগামী ১২ (বারো) মাস মেয়াদে ঢাকা ফাইবার লিংক লিঃ হতে ভ্যাট ও মুনাফাসহ ৮৩,১৬৬/= (তিরাশি হাজার মাত্র) টাকায় 200 Mbps full duplex Dedicated Bandwidth with (150 Mbps YouTube & Facebook) Internet Service সেবা গ্রহণ করা যেতে পারে।

পলাশ মজুমদার সাপোর্ট এন্ড আরএফ ইঞ্জিনিয়ার ঢাকা ফাইবার লিংক লিঃ	Hafiz 28.06.26 হাফিজুল ইসলাম ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান পদ্মা পানি শোধনাগার ঢাকা ওয়াসা	এম রফিকুল ইসলাম ডাইরেক্টর, মার্কেটিং এন্ড সেলস ঢাকা ফাইবার লিংক লিঃ
28.06.26 অমিত বিশ্বাস উপ- সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার ঢাকা ওয়াসা	28/06/26 মাহমুদ রিয়াদ উপ- বিভাগীয় প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার ঢাকা ওয়াসা	28.06.2026 গাজী আসরিব বিন সালাম নির্বাহী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার ঢাকা ওয়াসা

28/06/2026
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।

CS CamScanner